



সন্ত্রাসীদের ব্যবস্থা না নিলে ভোটে অংশ নেবেন না: ভিপি নূর



নূরুল হক নূর। ছবি: সংগৃহীত

ডাকসুর সাবেক ভিপি ও পটুয়াখালী-৩ (দশমিনা-গলাচিপা) আসনের বিএনপি মনোনীত প্রার্থী ভিপি নূরুল হক নূর বলেছেন, যদি সন্ত্রাসীদের গ্রেফতার বা প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে তিনি নির্বাচনে অংশ নেওয়া অসম্ভব মনে করছেন।

মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৫টায় পটুয়াখালীর জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ শেষে সংবাদ সম্মেলনে ভিপি নূর জানান, এলাকায় সাম্প্রতিক সময়ে অন্তত পাঁচটি গুরুতর ঘটনা ঘটেছে। এর মধ্যে রয়েছে: একটি বাড়িতে অগ্নিসংযোগ, একটি অফিস পুড়িয়ে দেওয়া, এক নারীকে ধর্ষণের পর হত্যা, চর বোরহানীর অফিসে ভাঙচুর এবং মানুষকে কুপিয়ে আহত করার ঘটনা। তিনি অভিযোগ করেন, এসব অপরাধ সত্ত্বেও প্রশাসনের নেওয়া পদক্ষেপ সন্তোষজনক নয়।

ভিপি নূর আরও বলেন, তিনি বিষয়টি নির্বাচন কমিশনের সচিব ও পুলিশের মহাপরিদর্শককে (আইজিপি) জানিয়েছেন। এক স্বতন্ত্র প্রার্থী পরিকল্পিতভাবে চর দখলকারী, ভূমিদস্যু ও চাঁদাবাজ মাফিয়াদের সঙ্গে মিলিত হয়ে শান্তিপূর্ণ জনপদে অশান্তি সৃষ্টি করছেন এবং নির্বাচন ব্যাহত করার চেষ্টা চালাচ্ছেন। তিনি বলেন, "আমাদের এজেন্ট ও ভোটাররা চরম নিরাপত্তাহীনতার মধ্যে রয়েছেন। প্রশাসন যদি শক্ত পদক্ষেপ না নেয়, পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে। আমি একজন দলের প্রধান ও সাবেক ভিপি হিসেবে এই পরিস্থিতি দেখলে উদ্বেগ হই। যদি আমি নিরাপত্তাহীনতায় থাকি, সারা দেশের ভোটপরিস্থিতি কেমন হতে পারে তা কল্পনা করা যায়।"